গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন অধিশাখা-০২
www.rdcd.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

নং-৪৭.০০.০০০০.০৩২.২৭.০০৩.২২.৪৮৫

০১ কার্তিক ১৪২৯
তারিখ: ----------
১৭ অক্টোবর ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী হিসেবে কর্মরত থাকাবস্থায় সমবায় সমিতি আইন ও বিধিমালা লংঘন করে রাজশাহী জেলার তানোর উপজেলায় নভেম্বর/২০১৯ ও ডিসেম্বর/২০১৯ মাসে তরিঘড়ি করে মোট ৭৪টি সমিতি নিবন্ধন করেছেন, যা কর্তব্য কাজে চরম অবহেলার সামিল;

০২। যেহেতু, আপনি জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী হিসেবে কর্মরত থাকাবস্থায় তানোর উপজেলার মথুরাপুর একতা মৎস্যজীবী সমবায় সমিতি লি: এর নিবন্ধন ফি সংক্রান্ত চালানের ফটোকপিতে সমিতির নামের মিল না থাকা সত্বেও নথি উপস্থাপনকারীগণের বিরুদ্ধে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেননি এবং ১০টি সমবায় সমিতি নিবন্ধন পূর্ব অবহিতকরণ সভার হাজিরা শীট থাকা সত্বেও উপজেলা সমবায় কর্মকর্তা ব্যতিত অন্য কারও স্বাক্ষর না থাকায়, সমিতির নিবন্ধন পূর্ব অবহিতকরণ সভা না হওয়া, সাংগঠনিক সভার রেজুলেশন থাকলেও সভা অনুষ্ঠানের স্থান, তারিখ, সময় সঠিকভাব উল্লেখ না থাকা সত্বেও আপনি ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার উদ্দেশ্য উক্ত ১০টি সমিতির নিবন্ধন প্রদান করেছেন, যা আপনার কর্তব্য কাজে চরম অবহেলার সামিল;

০৩। যেহেতু, আপনি জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী হিসেবে কর্মরত থাকাবস্থায় তানোর উপজেলার 'চুনিয়াপাড়া উত্তরপাড়া মৎস্যচাষী সমবায় সমিতি লি:' নামে প্রস্তাবিত সমিতির সাংগঠনকি সভায় রেজুলেশনে স্থান, তারিখ, সময়, সমিতির নাম ও সভাপতির নাম উল্লেখ না থাকায় নিবন্ধন নথি এবং নিবন্ধন রেজিস্ট্রারে উক্ত সমিতি 'চুনিয়া উত্তরপাড়া মৎস্যচাষী সমবায় সমিতি লি:' নামে নিবন্ধন প্রদান করা হয়েছে যার তারিখ ঘষামাজা এবং কিছু কিছু সমিতির নিবন্ধন পরবর্তী কোনো কার্যক্রম শুরু না করে অনৈতিক সুবিধা লাভের বিনিময়ে তরিঘড়ি করে আপনি সমিতি নিবন্ধন প্রদান করেছেন, যা আপনার দায়িত্বহীনতার পরিচয় বহন করে;

০৪। যেহেতু, আপনি ভারপ্রাপ্ত জেলা সমবায় কর্মকর্তা, রাজশাহী থাকাকালে সমিতি নিবন্ধনের জন্য আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদনের ভুলত্রুটি সংশোধনের জন্য নিবন্ধনকারী কর্তৃপক্ষ হিসেবে সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী ৬০ দিনের বেশি সময় পাওয়া সত্বেও ত্রুটিপূর্ণ আবেদন যাচাই বাছাই না করে নিবন্ধন প্রদান করে দায়িত্বহীনতা, কর্তব্য কাজে অবহেলা ও অসদাচরনের সামিল;

০৫। যেহেতু, আপনি জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী এর বিরুদ্ধে উপরিউক্ত অসদাচরণের অভিযোগে সমবায় অধিদপ্তরের ১৮.০১.২০২১ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০০৩.২১জি-(বিমা-৩২)-১৩৬(৩)-এ/ও নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক ৩২/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৬। যেহেতু, ব্যক্তিগত শুনানিকালে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে উপস্থাপিত মৌখিক বক্তব্য, রেকর্ডপত্র এবং দাখিলকৃত জবাব পর্যালোচনায় আপনার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অসদাচরণের অভিযোগ তদন্তের জন্য সমবায় অধিদপ্তরের ০৮.০৩.২০২১ তারিখের ৫২৬(৫)-এ/ও স্মারকমূলে জনাব সোলাইমান বেগ, জেলা সমবায় অফিসার, পাবনা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা করা। তদন্ত কর্মকর্তার প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগসমূহের অংশবিশেষ প্রমাণিত হয়;

০৭। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে অংশবিশেষ প্রমাণিত হওয়ায় অভিযোগের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনায় সমবায় অধিদপ্তরের ৩০.০৩.২০২২ তারিখের ২৬২(৫)-এ/ও স্মারকমূলে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। ২য় কারণ দর্শানো নোটিশের জবাব খন্ডন করতে আপনি ব্যর্থ হয়ে ক্ষমা প্রার্থনা করেছেন; আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ,

(চলমান পাতা-২)

Scanned with CamScanner

আপনার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং প্রমাণিত অভিযোগের ধরণ ও মাত্রা বিবেচনায় আপনার বিরুদ্ধে সরকারি কমচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(১)(ক) উপ-বিধি মোতোবেক লঘুদন্ড আরোপ করাই যৌক্তিক বিবেচনায় বিভাগীয় মামলায় সমস্ত বিধিগত প্রক্রিয়া অবলম্বনপূর্বক সমবায় অধিদপ্তরের ২৫.০৫.২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪. ০০৩.২১জি-(বিমা-৩২/২০২১)-৪৫৯-এ/ও সংখ্যক স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(১)(ক) উপ-বিধিতে বর্ণিত "তিরস্কার" দন্ড আরোপ করা হয়;

০৮। যেহেতু, আপনি জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী উক্ত দন্ডাদেশ হতে অব্যাহতি প্রদানের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব বরাবর আপীল আবেদন করেন;

০৯। যেহেতু, আপনার আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে গত ১৩.০৯.২০২২ তারিখে শুনানি অনুষ্ঠিত হয়। শুনানি গ্রহণকালে সমবায় অধিদপ্তরের প্রতিনিধি উপ-নিবন্ধক (প্রশাসন) জনাব নূর মোহাম্মদ মামুন ও আপনার বক্তব্য শ্রবণ করা হয়। উভয় পক্ষের ব্যক্তব্য ও উপস্থাপিত রেকর্ডপত্র পর্যালোচনা করে তদন্ত প্রতিবেদনে দেখা যায় যে, রাজশাহী জেলার তানোর উপজেলায় নিবন্ধনের নিমিত্ত আবেদিত সমবায় সমিতিগুলোর রেকর্ডপত্রে ত্রুটি-বিচ্যুতি থাকা সত্বেও সমবায় সমিতি আইন ও বিধিমালার ব্যত্যয় ঘটিয়ে সমিতিগুলোর নিবন্ধন প্রদান করেছেন। আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে স্বীকার করে ক্ষমা প্রার্থনা করায় নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর কর্তৃক প্রদত্ত দন্ডাদেশ রদ/ রহিত করার মত যথেষ্ট যৌক্তিকতা/তথ্য উপাত্ত পাওয়া যায়নি বিধায় আপনার আপিল আবেদন খারিজ এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর কর্তৃক প্রদত্ত শাস্তি বহাল রাখাই যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

১০। সেহেতু, জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী এর বিরুদ্ধে দায়েকৃত বিভাগীয় মামলায় সমবায় অধিদপ্তর কর্তৃক বিগত ২৫.০৫.২০২২ তারিখের ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০০৩.২১জি-(বিমা-৩২/২০২১)-৪৫৯-এ/ও সংখ্যক স্মারকমূলে প্রদত্ত "তিরস্কার" দন্ড আরোপ বহাল রাখা হলো। সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২১ বিধি মোতাবেক আপীল আবেদনটি নিস্পত্তি করা হলো।

১১। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির-আদেশক্রমে,

১৭/১০/২০২২

(মোঃ মশিউর রহমান এনডিসি)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

নং-৪৭.০০.০০০০.০৩২.২৭.০০৩.২২.৪৮৫/১(৯)

তারিখ: ০১ কার্তিক ১৪২৯ / ১৭ অক্টোবর ২০২২

অনুলিপি: আদেশের কপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা/রাজশাহী।
৬। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। জেলা সমবায় কর্মকর্তা, সাতক্ষীরা/রাজশাহী।
৮। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সাতক্ষীরা/রাজশাহী।
৯। জনাব তসলিমা পারভীন, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা ও প্রাক্তন জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজশাহী।

১৭.১০.২০২২

(সিদ্ধার্থ শংকর কুন্ডু)
উপসচিব

Scanned with CamScanner